

## এসএসসির ফল গ্রহণ করে প্রধানমন্ত্রী হরতাল-অবরোধ না থাকলে আরো ভালো করত পরীক্ষার্থীরা

কালের কণ্ঠ ডেস্ক >

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বিএনপি-জামায়াত হরতাল-অবরোধ না দিলে ছাত্রছাত্রীদের পরীক্ষা আরো ভাল হতো। গত ৫ জানুয়ারির অবরোধে ফেনীতে বোমা বিস্ফোরণে একটি চোখ হারানো এসএসসি পরীক্ষার্থী মিনহাজুল ইসলাম অনিচ্ছের অবস্থা ভুলে ধরে তিনি বলেন, যারা জনগণের ভাগ্য নিয়ে খেলবে, তাদের কোনো ফলা নেই। প্রধানমন্ত্রী গতকাল সকালে তাঁর সরকারি বাসভবন গণভবনে এসএসসি ও সমমানের চলতি বছরের পরীক্ষার ফল গ্রহণের পর এ কথা বলেন।

এক অনাড়ম্বর অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ অনুষ্ঠানিকভাবে এসএসসি ও সমমানের পরীক্ষার ফল প্রধানমন্ত্রীর কাছে হস্তান্তর করেন। পরে আটটি সাধারণ শিক্ষা বোর্ড, একটি মাদ্রাসা শিক্ষা বোর্ড, একটি কারিগরি শিক্ষা বোর্ডসহ মোট ১০টি শিক্ষা বোর্ডের চেয়ারম্যানরা তাঁদের নিজ নিজ বোর্ডের ফল প্রধানমন্ত্রীর হাতে তুলে দেন। পরে প্রধানমন্ত্রী ভিডিও কনফারেন্সের মাধ্যমে ফল প্রকাশ বিষয়ে রাঙামাটি ও নীলফামারীতে সংসদ সদস্য, জেলা প্রশাসক, শিক্ষক ও ছাত্রছাত্রীদের সঙ্গে কথা বলেন।

চলতি বছরের জানুয়ারি থেকে তিন মাসব্যাপী বিএনপি-জামায়াত জোটের অধিগ্রহণ ও ডাঙচুরের ঘটনায় প্রশ্ন তুলে শেখ হাসিনা বলেন, আন্দোলনের নামে মানুষ পুড়িয়ে হত্যা এবং জাতীয় সম্পদ ধ্বংস কেন ধরনের দেশপ্রেম? শেখ হাসিনা বলেন, রাজনীতি ও স্বাধীনতার মূল লক্ষ্য হচ্ছে জনগণের কল্যাণ নিশ্চিত করা, তাদের জীবনমানের উন্নয়ন ঘটানো এবং তাদের সমস্যার সমাধান করা।

প্রধানমন্ত্রী বলেন, বিএনপি-জামায়াত জানুয়ারি থেকে যে ধ্বংসাত্মক কার্যক্রম চালিয়েছে, এ ধরনের রাজনীতি তিনি কখনো দেখেননি। তিনি বলেন, '১৯৭১ সালে পাকিস্তানি দখলদার বাহিনীর বক্তব্য ছিল আমরা মাটি চাই, জনগণ চাই না। বিএনপি-জামায়াতের বিশেষ করে বিএনপি নেতার কণ্ঠেও ছিল সেই প্রতিশ্রুতি।' সূত্র : বাসস।